Please check the examination details below before entering your candidate information

| Candidate surname | Other names |
|---|---|
| | |

Centre Number | Candidate Number

# Pearson Edexcel International GCSE (9–1)

## Monday 27 October 2025

Morning (Time: 2 hours 30 minutes) | **Paper reference** **4BA0/01**

# Bangla

## PAPER 1: Reading, Writing and Translation

**You do not need any other materials.**

Total Marks

## Instructions

- Use **black** ink or ball-point pen.
- **Fill in the boxes** at the top of this page with your name, centre number and candidate number.
- There are **three** sections you must answer:
  – Section A Questions 1–4
  – Section B Question 5 and **either** Question 6(a) **or** 6(b) **or** 6(c)
  – Section C Question 7.
- Answer the questions in the spaces provided
  *– there may be more space than you need.*
- You must **not** use a dictionary.

## Information

- The total mark for this paper is 100.
- The marks for **each** question are shown in brackets
  *– use this as a guide as to how much time to spend on each question.*

## Advice

- Read each question carefully before you start to answer it.
- Check your answers if you have time at the end.

*Turn over* ▶


©2025 Pearson Education Ltd.
M:1/1/1/1/1/



Pearson

## SECTION A

**Reading**

**Answer ALL questions.**

**Write your answers in the spaces provided.**

**Multiple-choice questions must be answered with a cross in a box ☒. If you change your mind about an answer, put a line through the box ☒ and then mark your new answer with a cross ☒. Open-response questions do not have to be written in full sentences and you may respond using single words or phrases.**

1 ‘মীনা কার্টুন ও শিশু অধিকার’ সম্বন্ধে নিচের লেখাটি পড়ো এবং শব্দ তালিকা থেকে প্রতিটি বাক্যে সঠিক শব্দের অক্ষরটি বসাও।

### *মীনা কার্টুন ও শিশু অধিকার*

উনিশ শ' নব্বই থেকে দুই হাজার সালকে ঘোষণা করা হয়েছিলো ‘মেয়েশিশুদের দশ বছর’ হিসেবে। এ উপলক্ষে দক্ষিণ এশিয়ায় মেয়েদের আনন্দ ও উৎসাহ দিতে একটি অ্যানিমেটেড সিরিজ তৈরি করার সিদ্ধান্ত নেওয়া হয়। যেহেতু শিশুদের কাছে কার্টুন অনেক জনপ্রিয় তাই মনে করা হয়েছিলো যে এর মাধ্যমে সফলভাবে বিভিন্ন তথ্য পৌঁছে দেওয়া সম্ভব হবে।

সেই সময়ে ‘মীনা’ কার্টুনের জন্ম মেয়েশিশুদের অধিকার রক্ষার প্রয়োজন থেকে। শুরুতে শুধু মেয়েশিশুদের অধিকারের কথা বললেও ধীরে ধীরে সব শিশুরই অধিকারের প্রতীক হয়ে ওঠে ‘মীনা’।

শুধু বাংলা বা হিন্দিতে নয়, আরবি ও ইংরেজিসহ কমপক্ষে ২৯টি ভাষায় মীনা কার্টুনটি তৈরি হয়েছে।

মীনার বর্তমানে ৩৭টি পর্ব রয়েছে। মীনা অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশনে দেখার পাশাপাশি ছেলেমেয়েরা রেডিওতেও শুনতে পারে। মীনার কার্টুনগুলো নিয়ে ২৩টি কমিক বইও লেখা হয়েছে যা বিক্রি করে প্রকাশকরা অনেক টাকা উপার্জন করছে।

মীনার জনপ্রিয়তার স্বীকৃতিস্বরূপ ২৪ সেপ্টেম্বরকে ‘মীনা দিবস’ হিসেবে ঘোষণা করা হয়েছে।

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| **A** | সূচনা | **B** | নিয়ন্ত্রণ | **C** | প্রতিচ্ছবি | **D** | সাঁইত্রিশটি |
| **E** | দশক | **F** | শতক | **G** | অনুপ্রাণিত | **H** | নিরুৎসাহিত |
| **I** | গ্রহণযোগ্যতা | **J** | সীমাবদ্ধতা | **K** | উনত্রিশটি | **L** | ক্ষতি |
| **M** | লাভ | | | | | | |

| | | |
|---|---|---|
| **উদাহরণ:** | মেয়েশিশুদের অধিকার রক্ষার ধারণা থেকে মীনার ...। | *A* |
| **1** (a) | ১৯৯০ থেকে শুরু হয়েছিলো মেয়েশিশুদের ...। | |
| **1** (b) | অ্যানিমেটেড সিরিজগুলো মেয়েদের করেছে ...। | |
| **1** (c) | মীনা এখন সব শিশুদের অধিকারের ...। | |
| **1** (d) | মীনা কার্টুন অনুবাদ করা হয়েছে ... ভাষায়। | |
| **1** (e) | মীনার বই বিক্রয় থেকে আসছে অনেক ...। | |
| **1** (f) | 'মীনা দিবস' ঘোষণার বিবেচনায় ছিলো এর ...। | |

**(Total for Question 1 = 6 marks)**

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**2** ‘জগিং করার পাশাপাশি ময়লা কুড়ানো’ সম্বন্ধে নিচে দেওয়া তিনজন বন্ধুর মতামত পড়ো। ৮টি সঠিক বাক্সে ☒ চিহ্ন বসাও। কোনো কোনো বাক্যে অথবা নামের নিচে **একাধিক** ☒ বা কোনো ☒ **না-ও** থাকতে পারে।

## *জগিং করার পাশাপাশি ময়লা কুড়ানো*

**শিবলি**



সম্প্রতি যুক্তরাজ্যে বেড়াতে গিয়ে আমি একটি নতুন শব্দ ‘প্লগিং’ সম্পর্কে জেনেছি। এটা হলো লোকজনের জগিং করার সময় আশেপাশের আবর্জনা পরিষ্কার করা। লন্ডনে আমার চোখে পড়েছিলো কিছু লোকজন জগিং করার সময় পিঠে ব্যাগ রাখেন। জগিং করতে করতে তাঁরা রাস্তার ময়লা-আবর্জনা তুলে ব্যাগে রাখছিলেন। আমি এই একই ঘটনা সুইডেন আর ফ্রান্সেও ঘটতে দেখেছি।

**কণা**



আমি অনেক আগেই শুনেছি এই প্লগিং-এর কথা। ধীরে ধীরে জনপ্রিয় হচ্ছে এই প্লগিং। বর্তমানে বিশ্বের প্রায় পঞ্চাশটির মতো দেশে প্লগিং করার বিভিন্ন দল আছে। স্বাস্থ্যসচেতন মানুষদের মতে এটি ব্যায়াম হিসেবে ভালো কারণ এটা করতে একঘেয়ে লাগে না। দৌড়ানোর পাশাপাশি কিছুক্ষণ পরপর নিচু হয়ে কিছু তোলা শরীরের জন্য খুব ভালো।

**লিপি**



আমি এই নতুন শব্দ প্লগিং সম্পর্কে খোঁজ নিয়েছিলাম। মজার বিষয় হলো যে এই শব্দটি ইংরেজি জগিং ও সুইডিশ শব্দ প্লোকা থেকে নেওয়া হয়েছে। সুইডিশ শব্দ প্লোকা মানে কুড়ানো। বিভিন্ন নদী ও সাগরে জমে থাকা আবর্জনার বেশির ভাগই মাটিতে ফেলে দেওয়া বিভিন্ন ময়লা থেকে আসে। তাই পরিবেশ বাঁচাতে আর শরীর সুস্থ রাখতে দৌড়ান আর নিচু হয়ে ময়লা তুলুন।

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

| | | শিবলি | কণা | লিপি |
|---|---|---|---|---|
| **উদাহরণ:** | মানুষ পিঠে ব্যাগসহ দৌড়ায়। | ☒ | ☐ | ☐ |
| **A** | প্লগিং শব্দটি একাধিক ভাষা থেকে এসেছে। | ☐ | ☐ | ☐ |
| **B** | ময়লা রাখার জন্য বিন ব্যবহার করা হয়। | ☐ | ☐ | ☐ |
| **C** | প্লগিং সম্পর্কিত তথ্যটি নতুন ছিলো। | ☐ | ☐ | ☐ |
| **D** | বিভিন্ন দেশে প্লগিং চোখে পড়ে। | ☐ | ☐ | ☐ |
| **E** | প্লগিং পানি দূষণ কমানোর একটি উপায়। | ☐ | ☐ | ☐ |
| **F** | শরীর বাঁকানো দেহকে সুস্থ রাখে। | ☐ | ☐ | ☐ |

**(Total for Question 2 = 8 marks)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**3** ‘নববর্ষ পালনের বিচিত্র রীতি’ সম্পর্কে লেখাটি পড়ো। **বাংলায়** শব্দ/শব্দমালা দিয়ে নিচের নোটগুলো পূরণ করো।

## *নববর্ষ পালনের বিচিত্র রীতি*

লোকজন বছরের শেষ ও শুরুর দিন বিশেষভাবে পালন করে একটিকে বিদায় দেয় আর অপরটিকে বরণ করে।

**বাংলাদেশ**

বাংলাদেশে একসময় বছরের প্রথম দিন প্রজারা ভালো পোশাক পরে জমিদারকে খাজনা দিতে যেতো যেন তারা পুণ্যের কাজ করতে যাচ্ছে। আজ জমিদারও নেই, প্রজাদের এভাবে খাজনা দেওয়ার রীতিও নেই।

**ফিলিপাইন**

ফিলিপাইনে নতুন বছরের শুরুতে বছরের বারো মাসের কথা খেয়াল রেখে ফিলিপিনোরা আঙুর, কমলা, আপেল ও তরমুজের মতো গোল গোল বারো ধরনের ফল সংগ্রহ করে। তাদের বিশ্বাস গোল আকৃতি হলো সম্পদ ও সমৃদ্ধির প্রতীক।

**আর্জেন্টিনা**

আর্জেন্টাইনরা বছরের প্রথম দিনে তাদের পুরোনো সব কাগজপত্র, দলিল-দস্তাবেজ জানালা দিয়ে বাইরে ফেলে দেয়। এর প্রতীকী অর্থ হলো, তারা অতীতকে পেছনে ফেলে সামনে এগিয়ে যেতে চায়।

**ডেনমার্ক**

ডেনমার্কে নতুন বছরের শুরুর দিনটিতে বাড়ির দরজায় প্লেট ছুড়ে মেরে ভাঙতে হবে। ধারণা করা হয়, যার দরজায় এই প্লেট ভাঙা হবে, নতুন বছর তার জন্য সৌভাগ্য বয়ে আনবে।

**রোমানিয়া**

রোমানিয়ায় একটি ঐতিহ্য হলো পহেলা জানুয়ারিতে একটি হাতিয়ার বেছে নিয়ে সেটি দিয়ে তিনবার কাজ করা যাতে করে সারা বছরের কাজে সফল হওয়া যায়।

**ব্রাজিল**

ব্রাজিলে অনেকেই শ্বেতশুভ্র পোশাকে নতুন বছরকে স্বাগত জানায়। তাদের বিশ্বাস এই রং অশুভ শক্তিকে দূরে রাখে।

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**উদাহরণ:** বছরের প্রথম ও শেষ দিন কাটানো হয়: ............উৎসব করে............

(a) বাংলাদেশে নতুন বছর শুরুর দিন প্রজারা পরতেন: ..............................

আর খাজনা দিয়ে তারা নিজেদেরকে মনে করতেন: ..............................

**(2)**

(b) বাংলাদেশে প্রজারা এখন জমিদারকে খাজনা না দেওয়ার কারণ: ..............................

**(1)**

(c) ফিলিপিনোদের কাছে একেকটি ফল হলো একেকটি: .............................. নিদর্শন

**(1)**

(d) ফিলিপাইনে বৃত্তাকার ফলাদি হলো: ..............................

আর ..............................

**(2)**

(e) আর্জেন্টিনায় নতুন বছরকে স্বাগত জানানো হয়: ..............................

আর ডেনমার্কে নতুন বছরের সূচনা হয়: ..............................

**(2)**

(f) রোমানিয়ানরা বছরের প্রথম দিনে তুলে নেয়: ..............................

আর তারা কাজ করার মাধ্যমে আশা করে: ..............................

**(2)**

(g) বছরের প্রথম দিনে অনেক ব্রাজিলিয়ান বেছে নেয়: ..............................

আর তারা বিশ্বাস করে ..............................

**(2)**

**(Total for Question 3 = 12 marks)**

DO NOT WRITE IN THIS AREA

**4** (a) নিচে দেওয়া মোহাম্মদ লুৎফর রহমানের লেখা **'উন্নত জীবন'** থেকে অংশবিশেষ পড়ো।

## উন্নত জীবন

তুমি যদি প্রতিদিন এক ঘণ্টা করে সময় নষ্ট করো তাহলে বছর শেষে দেখবে তোমার অজান্তেই কত সময় নষ্ট হয়েছে।

যাহোক, নিয়মিত ছোট ছোট প্রচেষ্টা সময়ের সাথে সাথে একটি গ্রহণযোগ্য ফলাফল এনে দেয়। প্রতিদিন একটু করে কাজ করো, দেখবে বছর শেষে, এমনকি মাসে কত কাজ তোমার হয়েছে। তোমার কাজ দেখে তুমি নিজেই বিস্মিত হবে।

প্রতিদিন তোমার চিন্তা একখানা কাগজে মাত্র নয়-দশ লাইন করে লিখে রাখো, দেখবে বছর শেষে তুমি একখানা সুচিন্তিত চমৎকার বই লিখে ফেলেছো।

সৎ কাজ কখনই কারো সম্মানকে খাটো করে না, তা যতই গুরুত্বপূর্ণ ব্যক্তি দ্বারা করা হোক না কেন। যেমন উল্লেখ করা যায় যে ইউরোপিয়ান দার্শনিক প্লেটো এতটাই বিনয়ী ছিলেন যে তিনি মিশর ভ্রমণকালে মাথায় বয়ে নেওয়া তেল বিক্রি করে ঘুরে বেড়ানোর খরচ জোগাড় করেছিলেন। কোনো কাজ যতই ছোট হোক না কেন, তা কখনই লজ্জার নয়। বাস্তবে তোমার উচিত নিজের উপার্জনে গর্বিত হওয়া।

কেউ কেউ বলে তাদের জন্য উপযুক্ত কোনো কাজ নেই। যে কাজই তারা করুক, যেদিকেই তারা হাঁটুক, কেবল ব্যর্থতা আর ব্যর্থতা। আমার মতে তাদের এই ভয় অমূলক। কাজের প্রতি ইতিবাচক মনোভাব থাকা জরুরী।

বিশ্ব-সভ্যতার এত অবদান তুমি ভোগ করো এসব কী করে হলো? হাতের সাহায্যে নয় কি? মিস্ত্রির হাতুড়ির শক্ত আঘাত, শ্রমিকের কপালের নোনা ঘাম, জেলের মাছ ধরার জাল এবং রাঁধুনির রান্নার হাঁড়িকে শ্রদ্ধার চোখে দেখো।

প্রবন্ধটির অংশটুকু পড়ে **বাংলায়** নিচের প্রশ্নগুলোর উত্তর দাও। তোমার উত্তর সম্পূর্ণ বাক্যে লেখার প্রয়োজন নেই।

(i) লেখকের বক্তব্য অনুযায়ী কীভাবে আমাদের অগোচরেই অনেক সময় নষ্ট হয়?

**(1)**

..............................................................................................................................................

(ii) যদি তুমি প্রতিদিন একটু একটু করে কাজ করো তাহলে কী ফলাফল দেখতে পাবে? **একটি** বিষয় লেখো।

**(1)**

..............................................................................................................................................

(iii) লেখাটিতে সহজেই একটি বই লেখার উপায় সম্পর্কে কী বলা হয়েছে?

**(1)**

..............................................................................................................................................

(iv) প্রবন্ধটি অনুযায়ী প্লেটো কোথা থেকে এসেছেন?

**(1)**

..............................................................................................................................................

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA



P 7 8 9 9 8 A 0 8 2 0

(v) প্লেটো যে বিনয়ী তা কীভাবে জানা যায়?

**(1)**

(vi) লেখকের ভাষ্য অনুযায়ী ছোটখাটো কাজ করার ব্যাপারে মানুষের ভাবনা কেমন হওয়া উচিত? **একটি** বিষয় লেখো।

**(1)**

(vii) কী কারণে কিছু লোক বলে যে তাদের জন্য কোনো উপযুক্ত কাজ নেই? **দুটি** বিষয় লেখো।

**(2)**

(viii) লেখক কঠিন পরিশ্রম করাকে কোন কোন প্রতীকী উপকরণের মাধ্যমে উপস্থাপন করেছেন? **দুটি** বিষয় লেখো।

**(2)**

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**4** (b) ‘উন্নত জীবন’ সম্পর্কে নিচের আলোচনাটি পড়ে **বাংলায়** প্রশ্নগুলোর উত্তর দাও।

**মারিয়া:** ‘আমি ভাবছি, আমরা প্রতিদিন কিছু সময় নিজেদের জন্য নষ্ট করি, তবে এটা আসলে খুব একটা দুশ্চিন্তার বিষয় নয়। আমি যেমন নিয়মমাফিক কাজ করি, তেমনি শুয়ে-বসেও কিছু সময় কাটাই। কোনো কাজ না করে কিছু সময় কাটানো কিন্তু আমার কাজে মনোযোগ বাড়িয়ে দেয়। আমি মনে করি সারাক্ষণ কাজের মধ্যে ডুবে থাকাই জীবনের সবকিছু নয়।

এখন সময় বদলে গেছে। বর্তমানে জীবন দক্ষতাও এমন একটা ব্যাপার যেটা মানুষকে সফল হতে সমান সাহায্য করে। একসময় যেসব বিষয়গুলো তেমন গুরুত্ব পেতো না অথবা সময় নষ্ট মনে করে অনেকেই এড়িয়ে চলতো, সেসবের কোনো কোনোটা এখন রীতিমত আকর্ষণীয় পেশা হিসেবে বিবেচনা করা হয়, যা সামাজিক যোগাযোগ মাধ্যমকে ভিত্তি করে সৃষ্টি হয়েছে। এর শুরুটাও তো আমি মনে করি, এসেছে বিভিন্ন শখ থেকে তবে প্রথাগত কাজ করার মধ্য দিয়ে নয়।’

**রাহুল:** ‘আমিও মনে করি সময় পাল্টেছে। কয়েক বছর আগেও চাকরি বা পেশা বেছে নেওয়ার ব্যাপারে অভিভাবক এবং তরুণদের একটা বিশেষ ধারাকে অনুসরণ করতে দেখা যেতো। কাজের গুরুত্বকে পাশ কাটিয়ে যে কাজে মহত্ব সেটার জন্য প্রস্তুত করা হতো। কোন কাজ সামান্য আর কোন কাজ পদমর্যাদার, এর একটা স্পষ্ট পার্থক্য ছিলো। এখন ধীরে ধীরে সে অবস্থার পরিবর্তন হচ্ছে।

আমি যদি কোনো সামান্য কাজও করি, আর সেটা আমি উপভোগ করি ও আত্মমর্যাদা রক্ষা করে তা করা হয়, তাহলে আমার কাছে সেটা সম্মানজনক। আমি মনে করি সময়কে কাজে লাগানোই জীবনের সবচেয়ে বড় উপহার। তবে এটা অস্বীকার করার উপায় নেই যে চাকরি করে উপার্জন করাটাও মুখ্য। একটা লক্ষণীয় ব্যাপার হলো আজকাল বিভিন্ন স্তরের কাজের মধ্যে আয়-রোজগারের ব্যবধান কমে আসছে। এই বিবেচনায় সব ধরনের কাজের প্রতি মানুষের শ্রদ্ধা বাড়ছে।’

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

(i) নিচের বিষয়গুলোর ওপর মারিয়ার মন্তব্য সংক্ষেপে লেখো।

- কাজে মনোনিবেশ করার উপায় **(1)**
- জীবনে প্রতিষ্ঠিত হওয়ার বিকল্প উপায় **(1)**

........................................................................................................................................

........................................................................................................................................

........................................................................................................................................

........................................................................................................................................

(ii) নিচের বিষয়গুলোর ওপর রাহুলের মন্তব্য সংক্ষেপে লেখো।

- অতীতে জীবিকা নির্বাচনে মানুষের মনোভাব **(1)**
- বিভিন্ন কাজের ক্ষেত্রে অর্থনৈতিক পরিবর্তন **(1)**

........................................................................................................................................

........................................................................................................................................

........................................................................................................................................

........................................................................................................................................

**(Total for Question 4 = 14 marks)**

**TOTAL FOR SECTION A = 40 MARKS**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

## SECTION B

**Writing**

**Answer Question 5 and either Question 6(a) or 6(b) or 6(c).**

**Write your answers in the spaces provided.**

**5**

### *স্কুলের নিয়মকানুন ও চাপ*

| | |
|---|---|
| সময়মতো স্কুলে যাওয়া | স্কুলের হোমওয়ার্কের চাপ |
| গত বছরের বার্ষিক পরীক্ষা | স্কুলের যেসব নিয়মের পরিবর্তন চাইবে |

'স্কুলের নিয়মকানুন ও চাপ' সম্পর্কে **বাংলায়** আনুমানিক **৮০ শব্দে** লেখো। তোমার লেখায় ওপরে দেওয়া চারটি বিষয় অবশ্যই উল্লেখ করবে।

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA




P 7 8 9 9 8 A 0 1 2 2 0

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 5 = 14 marks)**

**6** আনুমানিক **১৪০ শব্দে** নিচের তিনটি কাজ থেকে যেকোনো একটি বিষয়ে **বাংলায়** লেখো।

(a) **কাজ ১**



'শহরের গণপরিবহণ' সম্পর্কে বাংলা সংবাদপত্রের জন্য একটি নিবন্ধ লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- সম্প্রতি গণপরিবহণে তুমি যেসব সমস্যার মুখোমুখি হয়েছিলে
- লোকজনের ব্যক্তিগত গাড়ি ব্যবহার করার কারণসমূহ
- যানজটের ফলে সৃষ্ট দূষণ কমাতে তোমার পরামর্শ

**(26)**

(b) **কাজ ২**

হ্যালো,

গতকাল বিপণী কেন্দ্রে গিয়ে অনেক কেনাকাটা করলাম। কোনো উৎসব উপলক্ষে গিয়েছিলাম তা কিন্তু নয়। এমনিতেই ঘুরতে ঘুরতে যেসব পছন্দ হলো, তাই কিনে ফেললাম। তুমি তো জানো কেনাকাটা করা আমার কাছে একটা শখের মতো। তোমাকে জিনিসগুলো দেখানোর অপেক্ষায় আছি। কেমন আছো জানিও।

সুমন

সুমন যে বার্তাটি পাঠিয়েছে এর জবাবে তুমি সুমনকে একটি ইমেল লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- সম্প্রতি তুমি অনলাইনে যেসব কেনাকাটা করেছিলে ও কেন
- অনলাইনে কেনাকাটার সুবিধা ও অসুবিধা
- ভবিষ্যতে কেনাকাটায় সাশ্রয়ী হওয়ার ব্যাপারে তোমার পরামর্শ

**(26)**

(c) **কাজ ৩**

তোমার এলাকায় অবসর সময় কাটানোর সুবিধাদির ব্যাপারে স্থানীয় কাউন্সিলরের কাছে বাংলায় একটি চিঠি লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- তোমার এলাকায় বিনোদন ব্যবস্থার সুবিধা ও অসুবিধা
- গত সপ্তাহে যে ক্রীড়া কমপ্লেক্সটি তুমি দেখতে গিয়েছিলে
- ভবিষ্যতে এলাকার পার্ক উন্নত করার জন্য তোমার পরামর্শ

**(26)**

DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

**Indicate which question you are answering by marking a cross in the box ☒. If you change your mind, put a line through the box ☒ and then indicate your new question with a cross ☒.**

Chosen question number: **Question 6(a)** ☒ **Question 6(b)** ☒ **Question 6(c)** ☒



P 7 8 9 9 8 A 0 1 5 2 0

*Turn over*

**(Total for Question 6 = 26 marks)**

**TOTAL FOR SECTION B = 40 MARKS**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

BLANK PAGE

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

## SECTION C

**Translation into Bangla**

**Write your answer in the space provided.**

**7** নিচের লেখাটি **বাংলায়** অনুবাদ করো।

Our childhood house was in the capital. It was very big with an open terrace, my favourite place. There, we played hide-and-seek with my sisters and cousins. Outside, there was a beautiful garden full of flowers and surrounded by large trees.

Afternoon tea was served on the roof, where all the family members gathered and engaged in loud, excited conversations. We used candles at night during power cuts, which were frequent back then. As soon as the electricity went off, we would happily close our school homework books.

**(20)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 7 = 20 marks)**

**TOTAL FOR SECTION C = 20 MARKS**
**TOTAL FOR PAPER = 100 MARKS**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

BLANK PAGE

**Source information**

**Question 1**
Source: https://www.prothomalo.com/entertainment/tv/yp2j25582t

**Question 2**
Source: https://www.bbc.com/bengali/news-44524753
Image 1 © a-clip/Getty Images
Image 2 © Yasser Chalid/Getty Images
Image 3 © Bhupi/Getty Images

**Question 3**
Source: https://www.prothomalo.com/entertainment/tv/yp2j25582t

**Question 4**
Source: https://xeroxtree.com/pdf/unnato_jibon.pdf

**Question 6**
Image © Soltan Frédéric/Getty Images

**Question 7**
Source: https://www.thedailystar.net/star-weekend/musings/thoughts-the-childhood-home-1531339

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA